# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2019**
**THIRD YEAR (BATCH 2017-20)**
**BENGALI (Honours)**
**Paper : V**

Date : 14/12/2019
Time : 11 am – 3 pm
Full Marks : 100

১। বাংলা গদ্যসাহিত্যের ধারায় বিদ্যাসাগর প্রথম কীভাবে গদ্যের শরীরে সাহিত্যসুষমার দীপ্তি ছড়িয়ে দিয়েছিলেন তা তাঁর গ্রন্থ আলোচনা করে এবং প্রাসঙ্গিক উদ্ধৃতি দিয়ে নিজের ভাষায় লেখো।

**অথবা,** ১৪

বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে স্বামী বিবেকানন্দের অবদান আলোচনা করো।

২। ‘সংবাদ প্রভাকর’ পত্রিকার প্রথম সম্পাদক কে? পত্রিকাটির ইতিহাস সম্পর্কে আলোচনা করো।

**অথবা,** ১২

বাংলা সাময়িক পত্রের ইতিহাসে ‘কল্লোল’ পত্রিকার অবদান আলোচনা করো।

৩। ‘সাজাহান’ নাটকে সম্রাট সাজাহানের মধ্যে সম্রাটসত্তা ও পিতৃসত্তার যে দ্বন্দ্ব ফুটে উঠেছে তার স্বরূপ ব্যাখ্যা করো।

**অথবা,** ১২

উপকাহিনী নির্মাণের বিচারে ‘সাজাহান’ নাটকটির সার্থকতা সম্পর্কে আলোচনা করো।

৪। ‘রাজা’ — নাটকটির নামকরণের সার্থকতা বিষয়ে আলোচনা করো।

**অথবা** ১২

রাজা নাটকটি অবলম্বনে অপ্রধান চরিত্র রচনায় রবীন্দ্রনাথের নাট্যপ্রতিভার পরিচয় দাও।

৫। কলকাতায় আগত বিদেশীদের থিয়েটার প্রতিষ্ঠা ও নাট্য অভিনয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। বাঙালির নাট্যচর্চায় ও রঙ্গমঞ্চভাবনায় তার কোনো প্রভাব পড়েছিল কী? ৮+৪

**অথবা**

পেশাদারি থিয়েটার হিসেবে বেঙ্গল থিয়েটারের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোচনা করো। ১২

৬। আধুনিক বাংলা কবিতার ইতিহাসে বুদ্ধদেব বসুর কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

**অথবা** ১২

আধুনিক বাংলা কবিতার ইতিহাসে প্রেমেন্দ্র মিত্রের অবদান আলোচনা করো।

৭। ‘বনলতা সেন’— কবিতাটির চিত্রধর্মিতা প্রসঙ্গে আলোচনা করো।

**অথবা** ১২

‘জননী যন্ত্রণা’ কবিতাটির মর্মার্থ সম্পর্কে আলোচনা করো।

৮। কোন্ কোন্ বৈশিষ্ট্যের জন্য একটি রচনাকে রম্যরচনা বলা যেতে পারে? ‘‘সুনন্দর জার্নাল’’ গ্রন্থ থেকে তোমাদের নির্বাচিত পাঠগুলো অবলম্বনে আলোচনা করে দেখাও যে, ঐ রচনাগুলোকে রম্যরচনা বলা যায় কিনা?

**অথবা** ১৪

তোমাদের পঠিত বিভূতিভূষণের ‘নির্বাচিত ডায়েরি’ অবলম্বনে লেখকের প্রকৃতি চেতনার পরিচয় দাও।

——————— × ———————